

যুক্তরাষ্ট্রে ৮ জন আরোহী নিয়ে ব্যক্তিগত উড়োজাহাজ বিধ্বস্ত

- A Monitor Desk Report

Date: 26 January, 2026



ঢাকাঃ যুক্তরাষ্ট্রের মেইন অঙ্গরাজ্যের একটি বিমানবন্দর থেকে উড্ডয়নের সময় একটি ব্যক্তিগত উড়োজাহাজে ভয়াবহ দুর্ঘটনা ঘটেছে।

আগুনে পুড়ে বিধ্বস্ত হওয়া ওই উড়োজাহাজে ৮জন আরোহী ছিলেন বলে জানিয়েছে যুক্তরাষ্ট্রের উড়োজাহাজ চলাচল নিয়ন্ত্রক সংস্থা ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ)। তবে দুর্ঘটনায় আরোহীদের ভাগ্যে কি ঘটেছে ও তাদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা যায়নি।

সংবাদমাধ্যম জানায়, রবিবার (২৫ জানুয়ারি) সন্ধ্যা ৭টা ৪৫ মিনিটের দিকে দেশটির অঙ্গরাজ্যের মেইনের ব্যাঞ্জর আন্তর্জাতিক বিমানবন্দর থেকে উড্ডয়নের সময় দুই ইঞ্জিনবিশিষ্ট টার্বোফ্যান জেট বম্বার্ডিয়ার চ্যালেঞ্জার ৬০০ দুর্ঘটনায় পড়ে। সংস্থাটি জানিয়েছে, ঘটনার তদন্ত দ্রুত শুরু করা হবে।

দুর্ঘটনা সম্পর্কে বিস্তারিত তথ্য এখনো পাওয়া যায়নি। তবে বিষয়টি সম্পর্কে অবহিত এক সরকারি কর্মকর্তা বার্তা সংস্থাকে জানান, দুর্ঘটনার পর সেখানে ব্যাপক অগ্নিকাণ্ড ঘটে।

দুর্ঘটনার কিছু আগে বিমানবন্দরে হালকা তুষারপাত শুরু হয়েছিল বলে আবহাওয়া প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। তবে আবহাওয়া এই দুর্ঘটনার পেছনে কোনো ভূমিকা রেখেছে কি-না, সে বিষয়ে কর্তৃপক্ষ তাৎক্ষণিকভাবে কিছু জানায়নি।

এদিকে, ব্যাঞ্জরসহ মেইনের অধিকাংশ এলাকায় শীতকালীন ঝড়ের সতর্কতা জারি রয়েছে। ব্যাঞ্জর শহরটি মেইনের তৃতীয় বৃহত্তম শহর।

দেশটির সরকারি কর্মকর্তারা জানান, উড়োজাহাজটি টেক্সাস থেকে মেইনে এসেছিল। উড়োজাহাজে নিবন্ধিত মালিক হিসেবে যে প্রতিষ্ঠানের নাম রয়েছে, তাদের ঠিকানা টেক্সাসের হিউস্টনে অবস্থিত। আর এই ব্যক্তিগত ক্ষতিপূরণ বিষয়ক আইন সংস্থা আর্নল্ড অ্যান্ড ইটকিন-এর ঠিকানার সঙ্গে মিল রয়েছে।

এফএএ-এর নথি অনুযায়ী, উড়োজাহাজটি ২০২০ সালের এপ্রিল মাসে কার্যক্রম শুরু করে। দুর্ঘটনার তদন্তে এফএএ-এর সঙ্গে যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ট্রান্সপোর্টেশন স্ফটি বোর্ড (এনটিএসবি) অংশ নেবে বলে জানানো হয়েছে।

-B